

# ঢাবি শিবিরের পূর্ণাঙ্গ কমিটি প্রকাশ

## ■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে। রবিবার ঢাবি শাখা সভাপতি মহিউদ্দিন খানের সই করা এক বিজ্ঞপ্তিতে ২০২৬ সেশনের জন্য এই কমিটি প্রকাশ করা হয়। ঘোষিত কমিটির তথ্য অনুযায়ী, অফিস সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন আসিফ ইমাম। প্রচার ও মিডিয়া সম্পাদক হয়েছেন মিফতাহুল হোসাইন আল মারুফ এবং বায়তুল মাল সম্পাদক করা হয়েছে নুরুল ইসলাম সাকিবরকে। এছাড়া মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন মো. মাজহারুল ইসলাম এবং শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক হয়েছেন মুসলিমুর রহমান।

নতুন কমিটিতে ক্রীড়া সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করবেন মো. ইকবাল হায়দার। ছাত্র অধিকার সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন আহসান হাবিব ইমরোজ। এছাড়া আইটি সম্পাদক হিসেবে হাসানুল বান্না, আন্তর্জাতিক সম্পাদক আনাস বিন মুনীর, দাওয়াহ সম্পাদক আশিকুর রহমান সাকিব এবং স্কিল ডেভেলপমেন্ট সম্পাদক হয়েছেন আশিক বিল্লাহ। বিজ্ঞান সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন মো. রবিউল ইসলাম। ব্যবসায় শিক্ষা সম্পাদক হয়েছেন হোসনে ইয়াসিন আরাফাত এবং আইন ও মানবাধিকার সম্পাদক করা হয়েছে মো. জাকারিয়াকে (সাখাওয়াত জাকারিয়া)।

কমিটিতে সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক হয়েছেন নাঈম হোসেন, প্রকাশনা সম্পাদক মো. তাওকির হাসান এবং গবেষণা সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন রাফিদ হাসান সাফওয়ান। এছাড়া ছাত্রকল্যাণ সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন মো. মাহবুব আলম (মিরাজ)। এর আগে ৫ জানুয়ারি বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন আংশিক কমিটি ঘোষণা করা হয়। ঐ কমিটিতে শাখার সদস্যদের প্রত্যক্ষ ভোটে সভাপতি নির্বাচিত হন ডাকসুর এজিএস মুহা. মহিউদ্দিন। অন্যদিকে সেক্রেটারি হিসেবে মনোনীত হন শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের একই সেশনের শিক্ষার্থী আশিকুর রহমান।